

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ০৪.১০.২০১৬খ্রি:

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের উপ-কমিটির অনুষ্ঠিত সভা

অদ্য ০৪/১০/২০১৬খ্রি: তারিখে সকাল ১০:৩০ ঘটিকায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সভা কক্ষে উপ-কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টের মাননীয় ভাইস চেয়ারম্যান মি. সুপ্ত ভূষণ বড়ুয়া মহোদয়।

উক্ত সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ০৫/১০/২০১৬খ্রি: তারিখে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সম্মানিত ট্রাস্টিবৃন্দের সাথে মহামান্য রাষ্ট্রপতির সৌজন্য স্বাক্ষাৎকারের সম্ভাব্য প্রস্তুতি সভায় ট্রাস্টের কার্যক্রমের উপর একটি প্রতিবেদন তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে “প্রবারণা পূর্নিমা ও শুভ কঠিন চীরব দানোৎসব-২০১৬” উদযাপন উপলক্ষে প্রাপ্ত অনুদানের বিলিবন্টনের তালিকা প্রস্তুত করনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আরো উপস্থিত ছিলেন বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সম্মানিত ট্রাস্টি মি. মং ক্য চিং চৌধুরী (বান্দরবান পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি মি. দয়াল কুমার বড়ুয়া (চট্টগ্রাম জেলা), সম্মানিত ট্রাস্টি মিসেস বাসন্তী চাকমা (খাগড়াছড়ি পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি দীপক বিকাশ চাকমা (রাঙ্গামাটি পার্বত্য জেলা), ও সম্মানিত ট্রাস্টি খে মং লা রাখাইন মহোদয় (বরগুনা ও পটুয়াখালী জেলা) ।

স্বাক্ষরিত  
(জয়দত্ত বড়ুয়া)  
সচিব  
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।